বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি শাখা-০৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

মুজিব শতবর্ষ

স্মারক নং- ৫৭.০০.০০০০.০৫৩.২৯.০০৯.২২.৫০

তারিখঃ ২২ মাঘ, ১৪২৯
০৫ ফেব্রুয়ারি, ২০২৩

**বিষয়ঃ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি), দাখিল (ভোকেশনাল) ও এসএসসি (ভোকেশনাল) এবং ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনার নিমিত্ত বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান, টেকনোলজি সংযোজন/ আসন সংখ্যা বৃদ্ধি, নাম পরিবর্তন ও স্থাপনের অপরিহার্য-অত্যাবশ্যকীয় শর্তসাপেক্ষ অনুমতি প্রদান।**

উপরোক্ত বিষয়ের বরাতে নিম্নরূপ অনুমতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

| ক্রমিক | প্রতিষ্ঠান | অনুমোদিত কার্যক্রম | অনুমোদনের অত্যাবশ্যকীয়-অপরিহার্য পূর্বশর্ত |
|---|---|---|---|
| ১ | প্রফেশনাল ফাইন আর্টস্ ইন্সটিটিউট<br>নাটোর সদর, নাটোর।<br>(এডভান্সড্ (শর্ট) কোর্স-১ বছর মেয়াদি) | পাঠদান<br>(ক. ফাইন আর্টস্ ও খ. ফিজিক্যাল এডুকেশন।) | উপযোগিতা অনুসারে ক্লাশরুম ও ল্যাব এবং প্রয়োজনীয় পুকুর ব্যবহারের অনুমতিপত্র না থাকার ঘাটতিগুলো যথাযথভাবে পূরণ করতে হবে। |
| ২ | প্রফেশনাল এন্ড টেকনিক্যাল ইন্সটিটিউট<br>যশোর সদর, যশোর।<br>(এডভান্সড্ (শর্ট) কোর্স-১ বছর মেয়াদি) | পাঠদান<br>(ক. কম্পিটার টেকনোলজি ও খ. ফাইন আর্টস্।) | প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার না থাকায় এবং প্রযোজ্য সাংগঠনিক কমিটির গ্রুপ আলোকচিত্র পাওয়া না যাওয়ার ঘাটতিগুলো যথাযথভাবে পূরণ করতে হবে। |
| ৩ | ঘাটাইল দাখিল মাদ্রাসা<br>ঘাটাইল, টাঙ্গাইল।<br>(দাখিল (ভোকেশনাল)) | পাঠদান<br>(ক. আইটি সাপোর্ট এন্ড আইওটি বেসিক্স ও খ. জেনারেল ইলেক্ট্রিক্যাল ওয়ার্কস্।) | বিজ্ঞান ল্যাব উন্নত নয়। স্থান সঙ্কট রয়েছে। পদার্থ ও রসায়ন বিজ্ঞানের উপযোগি ল্যাব নেই।<br>উপরোক্ত ঘাটতিগুলো যথাযথভাবে পূরণ করতে হবে। |
| ৪ | জীনামেজু টেকনিক্যাল ইন্সটিটিউট<br>কুমারি, লামা, বান্দরবান পার্বত্য জেলা।<br>(এসএসসি (ভোকেশনাল)) | পাঠদান<br>(ক. আইটি সাপোর্ট এন্ড আইওটি বেসিক্স ও খ. এপারেল ম্যানুফেকচারিং বেসিক্স।) | সংশ্লিষ্ট নীতিমালা অনুসারে ৫২৫০ (পাচঁ হাজার দুইশত পঞ্চাশ) বর্গফুট জায়গা থাকার বাধ্যবাধকতা থাকলেও আছে ৪৬৬৪ (চার হাজার ছয়শত চৌষট্টি) বর্গফুট, অর্থাৎ স্থান স্বল্পতা বিদ্যমান। বিধায় উল্লেখিত ঘাটতি যথাযথভাবে পূরণ করতে হবে। |
| ৫ | স্ট্যান্ডার্ড পলিটেকনিক ইন্সটিটিউট<br>সিরাজদিখান, মুন্সীগঞ্জ।<br>(ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং) | পাঠদান<br>(ক. কম্পিউটার, খ) মেকানিক্যাল ও গ. ইলেক্ট্রিক্যাল।) | ভাড়ার চুক্তিপত্রের ১ম পক্ষের মালিকানার স্বপক্ষে প্রমাণক নেই। উল্লেখিত ঘাটতি যথাযথভাবে পূরণ করতে হবে। |

০৫.০২.২০২৩

| | | | |
|---|---|---|---|
| ৬ | বোরাক পলিটেকনিক ইন্সটিটিউট<br>সাভার, ঢাকা।<br>(ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং) | টেকনোলজি সংযোজন/ আসন সংখ্যা বৃদ্ধি (আসন বৃদ্ধিঃ ক. কম্পিউটার ও খ. ইলেক্ট্রিক্যাল।) | বিদ্যমান আসন পূরণকৃত নয়; চলমান শিক্ষাক্রম শর্ত মোতাবেক পরিচালিত হচ্ছেনা। কাম্য সংখ্যক শিক্ষার্থী নেই। উল্লেখিত ঘাটতিগুলো যথাযথভাবে পূরণ করতে হবে। |
| ৭ | মীর পলিটেকনিক ইন্সটিটিউট<br>সদর, ময়মনসিংহ।<br>(ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং) | স্থাপন | ভাড়া প্রদানকারীর মালিকানার স্বপক্ষে প্রমাণক নেই। বিধায় ঘাটতিটি যথাযথভাবে পূরণ করতে হবে। |
| ৮ | সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ইন্সটিটিউট<br>যাত্রাবাড়ি, ঢাকা।<br>(ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং) | নাম পরিবর্তন (নবারুণ পলিটেকনিক ইন্সটিটিউট) | স্থায়ী ও চলতি (সাধারণ) আমানতে ঘাটতি যা' সংশ্লিষ্ট নীতিমালাসম্মত নয়। বিধায় ঘাটতিগুলো যথাযথভাবে পূরণ করতে হবে। |
| ৯ | এডভোকেট ধীরেন্দ্র দেবনাথ শম্ভু টেকনিক্যাল ইন্সটিটিউট<br>সদর, বরগুনা।<br>(এসএসসি (ভোকেশনাল)) | স্থাপন | প্রতিষ্ঠানের নামে জমির দলিল নেই। বিধায় ঘাটতিটি যথাযথভাবে পূরণ করতে হবে। |
| ১০ | ডাঃ মোমতাজুল ইসলাম টেকনিক্যাল ইন্সটিটিউট<br>মনিরামপুর, যশোর।<br>(এসএসসি (ভোকেশনাল)) | স্থাপন | বিপজ্জনক ও ঝুঁকিপূর্ণ অবকাঠামো। বিধায় ঘাটতিগুলো যথাযথভাবে পূরণ করতে হবে। |
| ১১ | সেইফ টেকনিক্যাল স্কুল<br>সদর, নীলফামারী।<br>(এসএসসি (ভোকেশনাল)) | স্থাপন | যুগপৎভাবে ভাড়া ও জমিদান প্রসঙ্গ থাকা সাংঘর্ষিক এবং নীতিমালাসম্মত নয়। বিধায় ঘাটতিটি যথাযথভাবে পূরণ করতে হবে। |

শর্তসমূহ:

(ক) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে সংশ্লিষ্ট নীতিমালা/ বিধি বিধান এর সকল শর্তাদি অনুসরণ করতে হবে;

(খ) বর্ণিত প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইট খোলা আগামী ০১ (এক) মাসের মধ্যে নিশ্চিত করে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে এবং

(গ) কারিগরি শিক্ষায় টেকসই গুণগত ও পরিমাণগত মান অতি সুনিশ্চিত করণার্থে উল্লেখিত সকল প্রতিষ্ঠান মাসে অন্তত একবার সরেজমিনে নিবিড় ও পুঙ্খানুপুঙ্খভাবে আকস্মিক পরিদর্শন নিয়মিতভাবে করতে হবে এবং তৎপরবর্তী যথার্থ ব্যবস্থা প্রযোজ্যতানুসারে গ্রহণ করতে হবে।

০৫.০২.২০২৬

(আনিসুল ইসলাম)
পরিচিতি নম্বর-১৫০১৩
উপসচিব
টেলিফোনঃ (ল্যান্ড) (দপ্তর) +৮৮০ ২ ৫৫১ ০১১৩০
(মুঠো) +৮৮০ ১৭ ১২ ১৮২ ১৫১
ইমেইল: dstech3@tmed.gov.bd

চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, ঢাকা।

স্মারক নং- ৫৭.০০.০০০০.০৫৩.২৯.০০৯.২২.৫০

তারিখঃ ২২ মাঘ, ১৪২৯
০৫ ফেব্রুয়ারি, ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে না-ও হতে পারে):

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বেইলী রোড, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা।
৬. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সচিব (উপসচিব), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৮. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়; এ পত্রাদেশটি যথাযথভাবে অবিলম্বে www.tmed.gov.bd -তে প্রকাশের অনুরোধসহ।
১০. অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. যুগ্ম সচিব (কারিগরি অধিশাখা-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. দপ্তর নথি।

০৫.০২.২০২৩

(আনিসুল ইসলাম)
পরিচিতি নম্বর-১৫০১৩
উপসচিব